দামুড়হুদার বিভিন্ন সীমান্তে বিজিবি’র সপ্তাহ ব্যাপী অভিযানে প্রচুর মাদকদ্রব্য আটক

দামুড়হুদা উপজেলার বিভিন্ন সীমান্ত থেকে প্রচুর মাদকদ্রব্য আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি। গত এক সপ্তাহ ধরে দর্শনা, বারাদী, সুলতানপুর, ফুলবাড়ি, মুন্সিপুর, ঠাকুরপুর ও বড়বলদিয়া সীমান্ত থেকে বিজিবি জোয়ানরা প্রচুর পরিমান মাদকদ্রব্য আটক করা হয়।

চুয়াডাঙ্গা-০৬ বিজিবি ব্যাটেলিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, এসব মাদকদ্রব্যের মধ্যে রয়েছে ২০০ বোতল ভারতীয় মদ, ০৯ কেজি গাঁজা, ১ কেজি ৯৬৫ গ্রাম চান্দি রুপা, ৩টি মোটর সাইকেল, ৩ হাজার ৮৬০ প্যাকেট সিগারেট, ৩০ বোতল জুস এবং ৫ হাজার পাতা জন্ম বিরতিকরণ ট্যাবলেট আটক করে বিজিবি। যার মুল্যে নিধারণ করা হয়েছে ২৭ লাখ ৮৩ হাজার ৯০০ শত টাকা।

আটককৃত মালিক বিহীন এসব চোরাচালানী মালামাল দর্শনা কাস্টমস্ অফিসে জমা দেওয়া হয়েছে বলে জানান চুয়াডাঙ্গা-০৬ বিজিবি পরিচালক।

মেহেরপুরে ২১ জন করোনা আক্রান্ত! মৃত্যু-২

মেহেরপুরে নতুন করে আরও ২১ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ২ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ০৫ জন, গাংনীতে ১২ জন, মুজিবনগর ০৪ জন।

শনিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১২১ টি। তারমধ্যে ২১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৯২ জন।

তার মধ্যে সদরে ৮৮ জন, গাংনীতে ২২১ জন এবং মুজিবনগরে ৮৩ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৬৭ জন । মৃতদের মধ্যে সদরে ৭৬ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৮ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

কুমারখালীতে পাটজাগের নিচে চাপা পড়ে কৃষকের মৃত্যু

কুষ্টিয়ার কুমারখালীতে পাটের জাগ সরাতে গিয়ে পানির তীব্র স্রোতে জাগের নিচে চাপা পড়ে কিতাব উদ্দিন (৬০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে।

শনিবার দুপুরে উপজেলার বাগুলাট ইউনিয়নের নিতাইলপাড়া ক্যানালে এই ঘটনা ঘটে। স্থানীয়রা দীর্ঘ ৩ ঘন্টা খোঁজাখুঁজির পর বিকেলে তার মরদেহ উদ্ধার করে। নিহত কৃষক কিতাব উদ্দিন বাগুলাট ইউনিয়নের ভড়ুয়াপাড়া গ্রামের মৃত খোদাবক্সের ছেলে।

এলাকাবাসী জানান, গত শুক্রবার রাতে প্রচুর বৃষ্টিপাতের কারণে জাগ দেয়া পাটের বাঁধন খুলে গিয়ে ছত্রভঙ্গ হয়ে গেলে সকালের দিকে কিতাব উদ্দিন তার এক ভাতিজাকে সাথে নিয়ে ক্যানালের পানিতে জাগ দেয়া পাট একত্রিত করার চেষ্টা করেন।

এসময় ক্যানালের পানির তীব্র স্রোতে তিনি পাটের নীচে চলে গিয়ে আর বের হতে না পারলে স্থানীয়রা সকাল থেকে তাকে অনেক খোঁজাখুঁজির পর বিকেলের দিকে পানি থেকে মৃত অবস্থায় উদ্ধার করেন।

এ বিষয়ে কুমারখালী থানার অফিসার ইনচার্জ কামরুজ্জামান তালুকদার জানান, পাটের জাগ সরাতে গিয়ে পানিতে তলিয়ে বৃদ্ধ কৃষক মারা গেছেন। লাশ তাদের স্বজনদের নিকট হস্তান্তর করা হয়েছে।

সারাদেশে সাম্প্রদায়িক হামলা, লুটপাট ও ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

খুলনার রূপসা উপজেলার শিয়ালী গ্রাম, পটুয়াখালী, মৌলভীবাজারসহ সারাদেশে সাম্প্রদায়িক হামলা, ভাংচুর, লুটপাট, অগ্নিসংযোগসহ নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ ও পূজা উদযাপন পরিষদ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ জেলা শাখার সভাপতি নারায়ণ চন্দ্র বিশ্বাস, সাধারণ সম্পাদক এ্যাড. সুবীর কুমার সমাদ্দার, পূজা উদযাপন পরিষদ জেলা শাখার সভাপতি বিনয় কৃষ্ণ বিশ্বাস, সাধারণ সম্পাদক উত্তম গাঙ্গুলী, যুব ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক প্রসেনজিৎ বিশ্বাস, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্তসহ অন্যান্যরা। বক্তারা, সারাদেশে সাম্প্রদায়িক হামলায় জড়িত সকলের দৃষ্টান্তমুলক শাস্তির দাবী জানান।

মেহেরপুরে হেরোইনসহ ২ মাদক

ব্যবসায়ী আটক

মেহেরপুর শহরে পুলিশের মাদক বিরোধী অভিযানে ২ মাদক ব্যাবসায়ীকে আটক করা হয়েছে। শুক্রবার রাতে ২ গ্রাম হেরোইনসহ দুই জনকে আটক করা হয়।
আটকৃতরা হলেন মেহেরপুর পৌরসভার ভূমি অফিস পাড়া ০৮নং ওয়ার্ডে এর মোঃ কুবাত আলীর ছেলে শাহারুল ইসলাম ওরফে মাইকেল (২৭),ও স্টেডিয়াম পাড়ার মৃত কালু মিয়ার ছেলে মোঃ সুমন (৩৪)।
মেহেরপুর সদর থানার(ওসি) শাহ্ দারা খান, পিপিএম জানান, মাদক বিরোধী অভিযানে দুই ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

মেহেরপুর হাসপাতালে ৫টি আইসিইউ ও ৫টি এইচডিইউবেড প্রদান

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ৫টি আইসিইউ এবং ৫টি এইচডিইউবেড প্রদান করেছে সাজেদা ফাউন্ডেশন নামের বেসরকারী সংস্থা।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চ্যুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। অতিথি হিসেবে ভার্চ্যুয়ালি উপস্থিত ছিলেন সাজেদা ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জাহেদা ফিজা কবির, পুলিশ সুপার রাফিউল আলম, সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রাম পাল।

বক্তব্য দেন মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায় ডা. রফিকুল ইসলাম জানান, ইতিমধ্যে এইচডিইউবেড স্থাপন কাজ শুরু হয়েছে। খুব দ্রুত তারা এই বেডগুলো স্থাপন করার প্রক্রিয়ায় রয়েছে। এর ফলে মেহেরপুর

জেনারেল হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা অধিকতর উন্নত দেওয়া সম্ভব হবে।

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় নতুন ২ জনের মৃত্যু

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে নতুন দুই জন মারা গেছেন। তারা হলেন মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের ফয়েজ উদ্দীন
(৮০) এবং জয়পুর গ্রামের রহিমা খাতুন (৬০)।

মেহেরপুরের স্বাস্থ্য বিভাগ এ তথ্য নিশ্চিত করেছে। গতকাল শুক্রবার সকাল ৮টা থেকে আজ শনিবার সকাল ৮টা পর্যন্ত দেওয়া তথ্যে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়েছে। এদের মধ্যে ফয়েজ উদ্দীন গত ১১ আগস্ট এবং রহিমা খাতুন ৪ আগস্ট করোনা আক্রান্ত হন। তারা দুজনেই মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এনিয়ে মেহেরপুরে ১৫৮ জনের মৃত্যু হলো। এর মধ্যে সদর উপজেলায় ৭৬,গাংনীতে ৫৩ এবং মুজিবনগরে ৩৮ জন।

মেহেরপুরে ভুঁইফোড় সংগঠনগুলোর অস্তিত্ব থাকলেও কার্যক্রম স্থবির

বাংলাদেশ আওয়ামী লীগ ও বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের নাম ব্যবহার করে দেশের বিভিন্ন স্থানের মতো মেহেরপুরেও গড়ে ওঠেছে বেশ কিছু

দলীয় কার্য্যলয় বা কর্মকাণ্ড নেই।

মেহেরপুর জেলা আওয়ামী বাস্তহারা লীগের সাবেক সভাপতি ফিরোজ আহমেদ বলেন, গত ৪ বছর হলো আমি সভাপতির পদ থেকে অব্যাহতি নিয়েছি। আমি আর কিছুই জানিনা। আমি সভাপতি হবার পর কিছু দলীয় কার্যক্রম করা হলেও বর্তমানে দলের কোন কার্যক্রম নেই। আনুমানিক গত আট-দশ বছর আগে মেহেরপুর জেলা আওয়ামী বাস্তহারা লীগের কমিটির অনুমোদন হয়।

বঙ্গবন্ধু সৈনিক লীগের সাধারণ সম্পাদক তরুণ আহমেদ বলেন, ২০২০ সালের ৯ নভেম্বর বঙ্গবন্ধু সৈনিক লীগের মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়। করোনা পরিস্থিতে দলীয় কার্যক্রম বন্ধ আছে। তাছাড়া কেন্দ্র থেকে যখন যেভাবে নির্দেশনা আসে আমরা সেই অনুযায়ী কর্মসূচি পালন করি। সভাপতি ও আমি ব্যক্তিগত টাকা দিয়ে সংগঠনের খরচ বহন করি।

তরিকুল ইসলাম বলেন, কেন্দ্র থেকে যখন যেমন নির্দেশনা আসে সেই অনুযায়ী জেলা কমিটি তার কার্যক্রম করে। আমরা জেলা কমিটির সদস্যদের সাথে মাসিক চাঁদা তুলে সংগঠনের খরচ বহন করি। সদস্যগণ তাদের সামর্থ্য অনুযায়ী প্রতি মাসে যার যতটুকু সম্ভব হয় চাঁদা প্রদান করে। বর্তমানে আমাদের কোন দলীয় কার্যালয় নেই। চলতি বছরের ২২ মার্চ কমিটি গঠন হয়। আমাদের
কেন্দ্রীয় সভাপতি হচ্ছেন আসাদুজ্জামান দূর্জয়। গত কয়েকদিন আগেও আমরা কেন্দ্র থেকে আগষ্ট মাসে বিভিন্ন অনুষ্ঠান পালনের একটি নির্দেশনাও পেয়েছি।

আওয়ামী যুব প্রজন্মলীগের সভাপতি জাহিদ হাসান জানান, আমারা জেলা কমিটি পেয়েছি গত বছরের ১৮ নভেম্বর। দলের তেমন কোন কার্যক্রম করতে পারিনি। যদিও জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি দেওয়ার কথা ছিল কিন্তু করোনা মহামারীর কারণে কোন কিছুই হয়নি। আর দলের কার্যক্রম শুরু না হওয়ায় তেমন কোন অর্থের প্রয়োজন পড়েনি।

সজীব ওয়াজেদ জয় পরিষদ এর সভাপতি আব্দুল্লাহ আল মামুন এর সাথে যোগাযোগ করার চেষ্টা করলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুর জেলা নবীন লীগের সভাপতি মিজান জানান, বর্তমানে আমাদের দলীয় কার্য্যালয় নেই। সম্প্রতি কেন্দ্র থেকে কমিটি দিয়েছে। আমাদের কেন্দ্রীয় সভাপতির নাম লুৎফর রহমান। চলতি বছরের ৩ জুন মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

এবিষয়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক মেহেরপুর প্রতিদিনকে জানান, আওয়ামী লীগের সহযোগী ভ্রাতৃপ্রতিম সংগঠন ছাড়া ভুঁইফোড় সংগঠনগুলো বিভিন্ন অনুষ্ঠান করলে আমাদের অতিথি হিসেবে দাওয়াত করে। আমরা তাদের অনুষ্ঠানের যাই না। তবে একসময় ওই সকল সংগঠনের অনুষ্ঠানের নেতারা গিয়েছেন। তখন তাদের প্রতি এতো এলার্জি ছিলো না। তিনি বলেন, এখন আর মেহেরপুরে কোন ভুঁইফোড় সংগঠন রাখা হবে। কেন্দ্র নির্দেশ দিলেও আমরা এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু করবো।

উদ্যোক্তাদের নিয়ে গঠিত অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এক বছর পূর্তি

ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায় তরুণ উদ্যোক্তাদের নিয়ে গঠিত অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এক বছর পূর্তি উপলক্ষ্যে শুক্রবার দিনব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন অসহায় দের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ শেষে বিকালে নিশি ইলেকট্রনিক এ আয়োজন করা হয় আলোচনা সভা ও কেক কর্তন অনুষ্ঠান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিশি ইলেকট্রনিক এর ওনার মো নুরুল ইসলাম বাবু, সাংবাদিক ও ঝিনাইদহ উদ্যোক্তা বাজার গ্রুপের এডমিন মো সফিকুল ইসলাম জুয়েল,অনলাইন কেনাবেচা কালিগঞ্জ গ্রুপের এডমিন মো রোমেল পারভেজ প্রান্ত, মডারেটর আহসান হাবীব দোলন, ফারুক নোমানি, মনির আল আমিন ফ্রেশ ফুডের সসত্ত্বাধিকারী আল আমিন উদ্যোক্তাদের নিয়ে গঠিত ২২ হাজারের সদস্য গ্রুপ উদ্যোক্তা তৈরির পাশাপাশি মানবিক কাজ করে বেশ সুনাম কুড়িয়েছে কালিগঞ্জ উপজেলায়। বৃক্ষরোপন, করোনাকালে অসহায়দের মাঝে খাবার বিতরণ, মাস্ক বিতরণ সহ নানান কাজ করে চলেছে।

ঝিনাইদহে করোনা ও উপসর্গে ৭ জনের মৃত্যু নতুন আক্রান্ত ৯১ জন

ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে ও উপসর্গ নিয়ে ৭ জনের মৃত্যু হয়েছে। নতুন করে করোনায় আক্রান্ত হয়েছে ৯১ জন। সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় করোনা পজেটিভ ৪ জন ও উপসর্গ নিয়ে মারা গেছে ৩ জন।

এ নিয়ে করোনায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ২৪৩ জন। এছাড়া শুক্রবার সকালে ঝিনাইদহ ও কুষ্টিয়া ল্যাব থেকে ৩৯৯ জনের নমুনা পরীক্ষার ফলাফল এসেছে। ফলাফলে ৯১ জনের ফলাফল পজেটিভ এসেছে। আক্রান্তের হার ২২ দশমিক ৮০ ভাগ।

এদের মধ্যে সদরে ৪৩, শৈলকুপায় ১৮, হরিণাকুন্ডুতে ৬, কালীগঞ্জে ৭, কোটচাঁদপুরে ১৫ ও মহেশপুরে রয়েছে ২ জন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাড়ালো ৮ হাজার ৪’শ ৭১ জনে। এছাড়াও গত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছে ১৩৮ জন।

ঝিনাইদহ সদর হাসপাতালের তত্ববধায়ক ডা: হারুন অর রশিদ জানান, বর্তমানে সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি রয়েছে ৪৯ জন। এদের মধ্যে করোনা পজেটিভ ৩৬ জন।